দৈনিক সংবাদ

তারিখ ... 11 JAN 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬

05

# চাকসু নির্বাচনের ব্যাপক প্রস্তুতি

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ১০ই জানুয়ারী।— আসন্ন চাকসু নির্বাচন উপলক্ষে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যাপক প্রস্তুতি গ্রহণ করছে। আজ সকাল ৯টায় উপাচার্য ভবনে জাতীয়তাবাদী ছাত্রদলের সঙ্গে উপাচার্য, ডীন, প্রাধ্যক্ষদের বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে ছাত্রদলের সভাপতি আবদুল মুয়ীদ ও সাধারণ সম্পাদক ইফতেখার হোসেন নিরপেক্ষ নির্বাচন

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## চাকসু নির্বাচন

(১ম পাতার পর)

কমিশন গঠন, ছাত্র-ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করা, ২৪শে জানুয়ারীর মধ্যে চূড়ান্ত ভোটার তালিকা প্রণয়ন ও শিক্ষা পরিবেশ পরিষদ কার্যকর করাসহ ১০ দফা দাবী পেশ করেন। উপাচার্য দাবীসমূহ বিবেচনার আশ্বাস দেন। এদিকে ১২টি ছাত্র সংগঠনের সমন্বয়ে গঠিত সর্বদলীয় ছাত্র ঐক্য জাতীয়তাবাদী ছাত্র দলের নামে মহলবিশেষের উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য ও বিবৃতির তীব্র নিন্দা করেছে।